

F. 1(15)-PRINCIPAL/CWTIT/ADVT/2018-19/ /Dated 20-04-2018
GOVERNMENT OF TRIPURA
OFFICE OF THE PRINCIPAL
CONSTRUCTION WORKERS TRAINING INSTITUTE, TRIPURA
KHUMULWNG, WEST TRIPURA

-: বিজ্ঞপ্তি :-

পুরুষ নির্মাণ শ্রমিকদের দক্ষতা বৃদ্ধির প্রশিক্ষণ শিবিরের জন্য আবেদন পত্রের আহ্বানের সময়সূচী।

রাজ্যের পুরুষ নির্মাণ শ্রমিকদের রাজমিস্ত্রি এবং রডমিস্ত্রি এই দুটি বিষয়ের উপর ২(দুই) মাস ব্যাপী খুমলুংস্থিত “কন্সট্রাকশান ওয়ার্কারস্ ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা” (CWTIT)-এ প্রশিক্ষণ শুরু হওয়ার জন্য আবেদন পত্র আহ্বান করা হয়েছে, উক্ত প্রশিক্ষণ শিবিরে ইচ্ছুক নির্মাণ শ্রমিকদের “কন্সট্রাকশান ওয়ার্কারস্ ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা” (CWTIT) খুমলুংস্থিত অফিসে অধ্যক্ষের উদ্দেশ্যে সাদা কাগজে আবেদন পত্র জমা দেওয়ার জন্য আবেদন করা হচ্ছে। প্রশিক্ষণ চলাকালে প্রত্যেক প্রশিক্ষণার্থীদের প্রতিদিন ১৭২.০০ (একশত বাহাত্তর) টাকা করে ষ্টাইপেন্ড এবং তৎসঙ্গে বিনামূল্যে ইনস্টিটিউশান এ থাকার ও খাওয়ার ব্যবস্থা রয়েছে। (নির্বাচিত প্রত্যেক প্রশিক্ষণার্থী কে প্রশিক্ষণে আসার সময় সঙ্গে হাঙ্কা বিছানা নিয়ে আসতে হবে)।

আবেদন পত্রের প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নরূপ :

- ১) প্রশিক্ষণার্থীর নাম,
- ২) বাবার নাম,
- ৩) স্থায়ী ঠিকানা,
- ৪) বর্তমান যোগাযোগের ঠিকানা,
- ৫) জন্মতারিখ (বয়স ১৮ থেকে ৩৫ এর মধ্যে হতে হবে প্রমান পত্র সহ),
- ৬) শিক্ষাগত যোগ্যতা (নূন্যতম পঞ্চম শ্রেণী উত্তীর্ণ) এবং বিদ্যালয়ের নাম,
- ৭) জাতি (তপশীলি জাতি / তপশীলি উপ-জাতি / সংখ্যালঘু / সাধারণ),
- ৮) মোবাইল নম্বর,
- ৯) ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নাম্বার ও সম্প্রতি তোলা তিন কপি পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি,
- ১০) নির্মাণ কাজের অভিজ্ঞতা যদি থাকে,
- ১১) ব্লক এবং জিলা।

- ❖ আবেদন পত্র জমা দেওয়ার স্থান : “কন্সট্রাকশান ওয়ার্কারস্ ট্রেনিং ইনস্টিটিউট অফ ত্রিপুরা” (CWTIT) খুমলুং।
- ❖ আবেদন পত্র জমা দেওয়ার তারিখ : ২৫শে এপ্রিল হইতে ৮ই মে ২০১৮ইং পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা হইতে বিকাল ৫টা পর্যন্ত।
- ❖ নির্বাচিত প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের তারিখ ও স্থান : ১০ই মে ২০১৮ইং (তালিকা ইনস্টিটিউশানের নোটিশ বোর্ডে দেওয়া হবে এবং পরবর্তী সময়ে স্থানীয় পত্রিকায়ও প্রকাশিত হবে)।
- ❖ নির্বাচিত প্রশিক্ষণার্থীদের রিপোর্টিং তারিখ : ১২ ও ১৩ই মে, ২০১৮ইং খুমলুংস্থিত ইনস্টিটিউট।
- ❖ প্রশিক্ষণ শুরু হওয়ার তারিখ : ১৪ই মে ২০১৮ইং হইতে।

বি.দ্র. :

- ১) উপরোল্লিখিত আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীকে সমস্ত প্রত্যয়িত নকল (ফটোকপি) জমা দিতে হবে এবং ওরিজিন্যাল ডকুমেন্ট সঙ্গে আনতে হবে।
- ২) প্রশিক্ষণার্থীদের ইনস্টিটিউট-এ আসা যাওয়ার খরচ নিজ নিজ বহন করতে হবে।
- ৩) আবেদন পত্রের নমুনা www.rural.tripura-তে পাওয়া যাবে।
- ৪) তপশীলি জাতি ও উপজাতি কল্যাণ, রাজস্ব, শ্রম এবং সংখ্যালঘু উন্নয়ন দপ্তরের আর্থিক সহায়তায় প্রশিক্ষণ দেওয়া হবে।


(অধ্যক্ষ)

সি.ডাব্লিউ.টি.আই.টি.
খুমলুং, পশ্চিম ত্রিপুরা